

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫১৮০

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

### الفصلُ الثَّنْفُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لُعِنَ عَبْدُ الدِّينَارِ وَلُعِنَ عَبْدُ الدَّرْهِمِ»  
رَوَاهُ التِّرْمِذِيُّ .

اسناده ضعيف ، رواه الترمذی (2375 وقال : حسن غريب) \* یونس بن عبید و  
شیخه الحسن البصری مدلسان و عنعنا و صح الحديث بلفظ : ”تعس عبد الدينار و  
الدرهم“ (رواه البخاری : 886 وغيره) -  
(ضعيف)

বাংলা

৫১৮০-[২৬] আবু হুরায়রাহ্ (রাঃ) নাবী (সা.) হতে বর্ণনা করেন, দীনারের দাসকে ও দিরহামের দাসকে  
অভিসম্পাত করা হয়েছে। (তিরমিযী)

ফুটনোট

যঈফ: তিরমিযী ২৩৭৫, সহীহুল জামি ৪৬৯৫, পরবর্তীতে হাসান বলেছেন, মূল বুখারীতে ৪৬৩৫ নং এ,  
হিদায়াতুর রুওয়াত ৫১০৮/৫/১১ পৃ.।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (لُعِنَ عَبْدُ الدِّينَارِ) অর্থাৎ এ ব্যক্তি রহমত ও অনুগ্রহ থেকে বঞ্চিত হোক, যে ব্যক্তি স্বর্ণ ও রৌপ্য মুদ্রা  
(অর্থাৎ টাকা পয়সা) পুঞ্জিভূত করতে চরম আগ্রহী এবং অঢেল সম্পদের মালিক হিসেবে বেঁচে থাকার আশায়

গুণে গুণে সম্পদ হিফাযাত করে রাখে। এ ধরনের ব্যক্তির যেন অর্থ সম্পদের খাদেম ও গোলাম, এজন্য (عَبْدُ) শব্দটি ব্যবহার করা হয়েছে।

ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, সম্পদ পুঞ্জীভূতকারীকে দীনার ও দিরহামের গোলাম বলে উল্লেখ করা হয়েছে তার মালিক বলা হয়নি, কারণ সে সম্পদের মুহাব্বাতে এতটাই মোহগস্ত যে, সে তা হতে কক্ষনো মুক্ত হতে পারে না। যেমন গোলাম তার মুনীবমুক্ত হতে পারে না। আর সম্পদের মধ্য হতে দীনার ও দিরহাম উল্লেখ করার কারণ হলো তা দুনিয়ার সম্পদের মূল। (তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খণ্ড, হা. ২৩৭৫)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85160>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন